

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. কিবলামুখী হয়ে পেশাব পায়খানা করা মাকরূহ

باب كَرَاهِيَةِ اسْتِقْبَالِ الْقِبْلَةِ عِنْدَ قَضَاءِ الْحَاجَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ فَارِسٍ، حَدَّثَنَا صَفْوَانُ بْنُ عِيسَى، عَنِ الْحَسَنِ بْنِ ذَكْوَانَ، عَنْ مَرْوَانَ الْأَصْفُرِ، قَالَ: رَأَيْتُ ابْنَ عُمَرَ أَنَاخَ رَاحِلَتَهُ مُسْتَقْبِلَ الْقِبْلَةِ، ثُمَّ جَلَسَ يَبُولُ عَنْ مَرْوَانَ الأَصْفُرِ، قَالَ: رَأَيْتُ ابْنَ عُمَرَ أَنَاخَ رَاحِلَتَهُ مُسْتَقْبِلَ الْقِبْلَةِ، ثُمَّ جَلَسَ يَبُولُ إِلَيْهَا فَقُلْتُ: يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ أَلَيْسَ قَدْ نُهِيَ عَنْ هَذَا؟ قَالَ: بَلَى، إِنَّمَا نُهِيَ عَنْ ذَلِكَ فِي الْفَضَاءِ فَإِذَا كَانَ بَيْنَكَ وَبَيْنَ الْقِبْلَةِ شَيْءً يَسْتُرُكَ، فَلَا بَأْسَ .

حسن

বাংলা

১১। মারওয়ান আল-আসফার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি দেখলাম, ইবনু 'উমার (রাঃ) তার উটকে কিবলার দিকে বসালেন। অতঃপর ঐ উটের দিকে মুখ করে বসে পেশাব করলেন। আমি বললাম, হে আবু 'আবদুর রহমান! এ থেকে (অর্থাৎ কিবলামুখী হয়ে পেশাব করতে) নিষেধ করা হয়নি কি? তিনি বললেন, হ্যাঁ, তবে এ নিষেধ উন্মুক্ত ময়দানের ক্ষেত্রে প্রযোজ্য। তোমার এবং কিবলার মাঝখানে কোন কিছুর আড়াল থাকলে তা দোষনীয় নয়।[1]

হাসান।

English

Marwan al-Asfar said:

I saw Ibn Umar make his camel kneel down facing the qiblah, then he sat down urinating in its direction. So I said: AbuAbdurRahman, has this not been forbidden? He replied: Why not, that was forbidden only in open



country; but when there is something between you and the qiblah that conceals you , then there is no harm.

ফুটনোট

[1] দারাকুতনী (১/৫৮), হাকিম (১/৫৪), বায়হাকী (১/৯২) হাসান ইবনু জাকওয়ান সূত্রে মারওয়ান আল-আসফার থেকে। ইমাম দারাকুতনী বলেন, এটি সহীহ, এর প্রত্যেক বর্ণনাকারী নির্ভরযোগ্য। ইমাম হাকিম বলেন, বুখারীর শর্ত মোতাবেক সহীহ। ইমাম যাহাবী তার সাথে একমত পোষণ করেছেন। আল হাযিমী এটি আল ই'তিবার (২৬ পৃষ্ঠায়) বর্ণনা করে বলেন, হাদীসটি হাসান।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মারওয়ান আল-আসফার (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন